

এই সকাল বেলার বাদল-আঁধারে
 আজি বনের বীণায় কী সুর বাঁধা রে ॥
 ঝরো ঝরো বৃষ্টিকলরোলে তালের পাতা মুখর ক'রে তোলে রে,
 উতল হাওয়া বেগুশাখায় লাগায় ধাঁদা রে ॥
 ছায়ার তলে তলে জলের ধারা ওই
 হেরো দলে দলে নাচে তাইথে থৈ— তাইথে থৈ ।
 মন যে আমার পথ-হারানো সুরে সকল আকাশ বেড়ায় ঘুরে ঘুরে রে,
 শোনে যেন কোন্ ব্যাকুলের করুণ কাঁদা রে ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Kafi
 Visit www.geetabitan.com for notation and other detail